# পশ্চিমবঙ্গ সরকার
# পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
## ৬৩, নেতাজী সুভাষ রোড, জেসপ বিল্ডিং, ১ম তল, কলকাতা – ৭০০০০১।

**টেলিফোন: (০৩৩) ২২৪৩-১০৪০/৪১/৬৬/৬৮// টেলিফ্যাক্স: (০৩৩) ২২৪৩-৮৭১৯/(০৩৩) ২২৪২০০৮০**

---

**পত্রাঙ্ক:** ৫২৭৮(১৮)/RD (SGSY)/20M-6/05 – Pt-I　　　　দিনাঙ্ক:১৭/০৭/২০০৭

প্রেরক : **ডক্টর মানবেন্দ্রনাথ রায়, আই.এ.এস**
**প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার**

প্রাপক : জেলা শাসক (সকল)

বিষয় : গ্রামীণ পরিবার সমীক্ষা সংক্রান্ত নির্দেশিকাগুলির সংকলন এবং বিভিন্ন কর্মসূচীর অন্তর্গত প্রকল্প সম্পাদনের রূপরেখা (নির্দেশিকা–৫)।

মহাশয়,

এই দপ্তর দারিদ্রসীমার নীচে থাকা পরিবারের তালিকা (বি পি এল তালিকা) ও পারিবারিক সমীক্ষার সামগ্রিক তালিকা প্রকাশের কর্মপদ্ধতি এবং চূড়ান্ত তালিকার ভিত্তিতে ইন্দিরা আবাস যোজনা (IAY)-র জন্য প্রস্তাবিত স্থায়ী তালিকা এবং জাতীয় বার্ধক্যজনিত অবসরভাতা প্রকল্প (NOAPS), অন্ত্যোদয় অন্ন যোজনা (AAY) ইত্যাদির জন্য উপভোক্তা শনাক্তকরণ সংক্রান্ত কাজ সম্পর্কে যথাক্রমে এই করণের ০২/০৪/২০৭ তারিখের 076/JS(DG)/2007/SGSY/20M-6/05 পত্রাঙ্কে, ০৪/০৪/২০০৭ তারিখের 079/JS(DG)/2007/SGSY/20M-6/05 পত্রাঙ্কে, ১৩/০৪/২০০৭ তারিখের 2654 (18)/2007/SGSY/20M-6/05 পত্রাঙ্কে, ০৩/০৫/২০০৭ তারিখের 3070(18)/2007-RD/SGSY/20M-6/05(Pt.I) এবং ২৫/০৫/২০০৭ তারিখের 3583(18)-RD/2007/SGSY/20M-6/05(Pt.I) পত্রাঙ্কে চারটি নির্দেশিকা জারি করা হয়েছে। ইতিমধ্যে, খাদ্য ও সরবরাহ দপ্তর অন্ত্যোদয় অন্ন যোজনা (AAY) এবং বি পি এল রেশন কার্ডের উপভোক্তা নির্বাচন করার জন্য রেশন কার্ড নবীকরণের যে পদ্ধতি অবলম্বন করতে হবে সেই সংক্রান্ত বিষয়ে একটি বিজ্ঞপ্তি জারি করেছেন। এখন এই সকল নির্দেশিকাগুলির ভিত্তিতে যে সমস্ত কাজ করতে হবে সেই ব্যাপারে একটি সামগ্রিক নির্দেশিকা দেওয়া ও সেই অনুযায়ী করণীয় কাজের একটি সময়সীমা ঠিক করে দেওয়া আবশ্যিক হয়ে পড়েছে। বর্তমান নির্দেশিকাটিতে করণীয় কাজগুলি সংক্ষেপে বলা হয়েছে।

**১) সকল পরিবারের তালিকা প্রকাশ এবং পরবর্তী কার্যাবলি**

- এই দপ্তরের ২৯/০৯/২০০৬ তারিখের নির্দেশনামাঙ্ক 5555 RD-তে এবং পুনরায় ২৫/০৫/২০০৭ তারিখের 3583 (18) পত্রাঙ্কে বলা হয়েছিল যে তালিকা প্রকাশের ৩০ দিনের মধ্যে প্রত্যেক পরিবারের কর্তার, তাঁর পিতা/স্বামীর নামসহ, চিহ্নিতকরণ সম্পূর্ণ করতে হবে। পিতা/স্বামীর নাম নথিভুক্ত করার জন্য কোন পৃথক নিদর্শ উদ্ভাবন করতে হবে না। পরিবারের কর্তার নামের নিচে যে ফাঁকা জায়গা আছে, সেখানে পিতা/স্বামীর নাম লিপিবদ্ধ করলেই চলবে। পরবর্তীকালে ঐ তথ্যগুলি RHS ২.০.০ সফটওয়্যারের দ্বারা তথ্যভাণ্ডার (database)-এ অন্তর্ভূক্ত করতে হবে।
- সামাজিক অবস্থানের (অর্থাৎ তপশিলি জাতি/উপজাতি/সংখ্যালঘু) চিহ্নিতকরণ: এই দপ্তরের ০৩/০৫/২০০৭ তারিখের 3070(18)/2007-RD/SGSY/20M-6/05(Pt.I) পত্রাঙ্কে প্রেরিত নির্দেশিকা ৩-এ বলা হয়েছিল যে তপশিলি জাতি/উপজাতি/সংখ্যালঘু সংক্রান্ত তথ্য স্থানীয়ভাবে যোগাড় করতে হবে। মুদ্রিত তালিকার মোট নম্বরের পরের যে ফাঁকা জায়গা আছে, সেখানে ওই তথ্য লিপিবদ্ধ করতে হবে।
- প্রতিবেদন প্রাপ্তির ৭ দিনের মধ্যে গ্রাম পঞ্চায়েতগুলি সংসদের পেশ করা তালিকা যাচাই করে সেটি ব্লক উন্নয়ন আধিকারিকের কাছে পাঠাবেন।
- ব্লক উন্নয়ন আধিকারিক উপরোক্ত প্রাপ্ত তালিকা সংকলন করে তথ্যাবলি ব্লকস্তরে তথ্যভাণ্ডারে নথিভুক্ত করবেন।

## ২) বি. পি. এল তালিকার প্রকাশের সময় এবং তার পরবর্তী কর্তব্যসমূহ

- ❖ ব্লক উন্নয়ন আধিকারিকের দ্বারা প্রকাশিত পারিবারিক সমীক্ষার তালিকা ও তার অন্তর্গত বি. পি. এল তালিকা সবকটি গ্রাম পঞ্চায়েত এবং গ্রাম সংসদে সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে টাঙিয়ে রাখতে হবে।
- ❖ কোন পরিবারের প্রাপ্ত নম্বর সম্পর্কে কারোর আপত্তি থাকলে তিনি লিখিতভাবে, যে কোন বা সবকটি মাপকাঠি (parameter)-তে প্রাপ্ত নম্বর এবং বাস্তবে ওই মাপকাঠিতে যে নম্বর হওয়া উচিৎ তা উল্লেখ করে, তাঁর দাবি বা আপত্তি পেশ করতে পারবেন। যে সকল পরিবারের নাম বি. পি. এল তালিকায় নেই কিন্তু তাঁদের প্রাপ্ত নম্বর সংক্রান্ত কোন প্রকৃত ত্রুটি আছে, তাঁদের কাছ থেকেও আপত্তি বা দাবী নেওয়া হবে।
- ❖ এইভাবে যে সমস্ত আপত্তি বা দাবি পাওয়া যাবে সেগুলি গ্রাম পঞ্চায়েত স্তরে একটি রেজিস্টারে নিম্নবর্ণিত ছকে লিপিবদ্ধ করতে হবে। বাঁকুড়া জেলা কর্তৃপক্ষ একটি ছক ব্যবহার করেছেন যাতে আপত্তি বা দাবি নথিভুক্ত করা হবে এবং স্ব-উদ্যোগে সরকারি কর্মকর্তার দ্বারা তদন্ত সাপেক্ষে সংশোধনগুলি লিপিবদ্ধ হবে। জেলাগুলি নিজেরা ইতিমধ্যে অনুরূপ কোন ছক ব্যবহার না করে থাকলে এই নির্দেশিকার 'ক' থেকে 'গ' পরিশিষ্টে সংযুক্ত ছকগুলি ব্যবহার করতে পারেন। যে সমস্ত দরখাস্ত পাওয়া যাবে সেগুলি গ্রাম পঞ্চায়েত স্তরে একটি রেজিস্টারে নিম্নবর্ণিত ছকে লিপিবদ্ধ করতে হবে।

**ছক- ক**

| ক্রমাঙ্ক | দরখাস্ত গ্রহণের তারিখ | যে পরিবারের সাপেক্ষে দাবি/আপত্তি করা হয়েছে সেই পরিবারের কর্তার নাম | পরিবারের RHS ক্রমাঙ্ক | যে সংশোধনের জন্য আবেদন করা হয়েছে তার বিশদ বিবরণ | প্রাপ্ত নম্বর | | | | | | | | | | | | দরখাস্তকারির নাম, পরিবারের কর্তার সাথে সম্পর্ক (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | P1 | P2 | P3 | P4 | P5 | P6 | P7 | P8 | P9 | P10 | P11 | P12 | |
| | | | | বর্তমান তালিকা অনুযায়ী | | | | | | | | | | | | | |
| | | | | দরখাস্তে প্রার্থিত সংশোধন | | | | | | | | | | | | | |

- ❖ সমীক্ষায় এক বা একাধিক বস্তুগত অবস্থানের ক্ষেত্রে ভুল থাকায় যে সকল অযোগ্য ব্যক্তির নাম বি. পি. এল তালিকায় স্থান পেয়েছে তাঁদের নাম বাদ দেওয়ার জন্য একটি তালিকা গ্রাম সংসদ প্রস্তুত করবেন। তাদের বিপিএল পরিবারের জন্য নির্দিষ্ট কোন সুযোগ আপাতত দেওয়া যাবে না।
- ❖ ইতিমধ্যে যে সকল ব্যক্তি স্থায়ীভাবে এলাকা ছেড়ে চলে গেছেন বা মারা গেছেন, বি. পি. এল তালিকায় প্রয়োজনীয় সংশোধনের জন্য তাঁদের একটি তালিকা গ্রাম সংসদ প্রস্তুত করবেন।

এইভাবে যে সকল দাবি বা আপত্তি জমা পড়বে সেগুলি নথিভুক্ত করে গ্রাম পঞ্চায়েতে পাঠাতে হবে। মনে রাখা দরকার যে, গ্রাম সংসদকে সেই সকল পরিবারের নাম সুপারিশ করার অধিকার দেওয়া হয়েছে যাঁদের নাম ভুলবশতঃ বি. পি. এল তালিকায় লিপিবদ্ধ হয়েছে যাতে তাঁদের বি. পি. এল পরিবারের জন্য উদ্দিষ্ট কোন সুবিধা না দেওয়া হয় এবং পরিশেষে ওই নামগুলি তদন্ত করে বি. পি. এল. তালিকা থেকে বাদ দেওয়া যায়। যদি দেখা যায় যে, প্রাপ্ত নম্বর ভুলক্রমে বেশি দেওয়া হয়েছে, তাহলে গ্রামসংসদ ওই সকল পরিবারকে কোন্ কোন্ ক্ষেত্রে নম্বর বেশি দেওয়া হয়েছে তা উল্লেখ করে দরখাস্ত করার উপদেশ দিতে পারেন যাতে যথা সময়ে তা তদন্তের দ্বারা যাচাই করা যেতে পারে। গ্রাম পঞ্চায়েত এই বিষয়ে যে সব দরখাস্ত পাবেন, সেগুলির রসিদ দিতে হবে। এই রসিদ একটি আদর্শ ছকে হওয়া বাঞ্ছনীয়, যা জেলা গুলি তৈরি করে নেবে।

- ❖ গ্রাম পঞ্চায়েত উপরের ছক-ক আনুযায়ী একটি রেজিস্টারে গ্রামীণ পরিবার সমীক্ষায় প্রাপ্ত নম্বর সংক্রান্ত সমস্ত দরখাস্তের তথ্য লিপিবদ্ধ করবেন।

## ৩) ইন্দিরা আবাস যোজনার স্থায়ী তালিকা প্রস্তুত করতে গ্রাম সংসদ যে সকল পদক্ষেপ নেবেন ঃ

- ❖ নির্দেশিকা (৩) অনুযায়ী মোট প্রাপ্ত নম্বর ৩৩ বা তার কম এবং P2 বা বাসগৃহের গঠন ও প্রকৃতির মাপকাঠিতে ১ নম্বর যারা পেয়েছেন তার - এর ভিত্তিতে প্রস্তুত এবং ব্লক উন্নয়ন আধিকারিকের দ্বারা প্রেরিত ইন্দিরা আবাস যোজনার বিবেচ্য তালিকা গ্রাম সংসদ গুলিতে প্রকাশ করা হবে।

- ❖ যে সকল পরিবার ইতিমধ্যে IAY/PMGY/(GA)/SGRY(IBS) বা সরকারি যে কোনো প্রকল্পে স্থায়ী বাড়ী তৈরীর সহায়তা পেয়েছেন তাঁদের এই প্রকার যোগ্য পরিবারের চূড়ান্ত তালিকা থেকে বাদ দিতে হবে।
- ❖ সমীক্ষায় এক বা একাধিক বস্তুগত অবস্থানের ক্ষেত্রে ভুল থাকার জন্য যে সকল অযোগ্য ব্যক্তির নাম আলোচ্য তালিকায় নথিভুক্ত হয়েছে তাদের সকলের একটি তালিকা প্রস্তুত করতে হবে এবং তাঁদের নাম চূড়ান্ত তাঁলিকা থেকে বাদ দিতে হবে।
- ❖ ইতিমধ্যে যে সকল ব্যক্তি এলাকা ছেড়ে চলে গেছেন বা মারা গেছেন, বি. পি. এল তালিকায় প্রয়োজনীয় সংশোধনের জন্য তাঁদের একটি তালিকা গ্রাম সংসদ প্রস্তুত করবে যাতে তাঁদের নাম চূড়ান্ত তাঁলিকা থেকে বাদ দেওয়া যায়।
- ❖ যে সমস্ত পরিবারের বাসগৃহ প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার আওতাভুক্ত রাস্তা নির্মাণের জন্য স্থানান্তরিত করতে হবে অথবা যে সকল বাসগৃহ কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত হয়েছে এবং যার ক্ষতির পরিমাণ এমনই যে পরিবারটির অবস্থান দারিদ্রসীমার নীচে চলে আসবে, তাদের তালিকা এবং প্রাপ্ত নম্বর সমূহ পৃথক ভাবে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি মারফৎ জিলা পরিষদের কাছে পাঠাতে হবে। এই তালিকাটিও গ্রাম সংসদ অনুমোদন করবে।

যে সকল পরিবারের নাম ইন্দিরা আবাস যোজনার বিবেচ্য তালিকার থেকে বাদ দেওয়া হচ্ছে তাদের প্রত্যেকটির ক্ষেত্রে বাদ দেওয়ার কারণ দেখিয়ে একটি পৃথক তালিকা নীচের ছক অনুযায়ী প্রস্তুত করতে হবে ঃ

**ছক – খ ঃ ইন্দিরা আবাস যোজনার থেকে নাম বাদ দেওয়ার নিদর্শ**

| ক্রমাঙ্ক | পরিবারের কর্তার নাম | RHS-ক্রমাঙ্ক | নাম বাদ দেওয়ার কারণ |
|---|---|---|---|
| | | | |

**যেখানে ১ = প্রাক্তন উপভোক্তা**

**২ = কিছু বা সবকটি মাপকাঠিতে ভুল থাকার দরুণ অযোগ্য হিসাবে পরিগণিত (নির্দিষ্ট করে বিশদে লিখুন)**

**৪) পরিবারের প্রাপ্তবয়স্কা মহিলা সদস্যের চিহ্নিতকরণ যাঁর নামে ইন্দিরা আবাস যোজনার সহায়তা প্রদত্ত হবে ঃ**

এক্ষেত্রে পরিবারের কর্তার মা (তিনি ওই পরিবারের সদস্যা হলে) অথবা স্ত্রী মনোনীত হওয়া বাঞ্ছনীয়।

- ❖ গ্রাম সংসদ স্তরে তালিকা প্রকাশের ১৫ দিনের মধ্যে এই কাজ শেষ করতে হবে এবং তা গ্রাম পঞ্চায়েতের নিকট পেশ করতে হবে। গ্রাম পঞ্চায়েত এক সপ্তাহের মধ্যে ওই তালিকা পরীক্ষা করে তা সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিকের কাছে পাঠাবেন। ব্লক উন্নয়ন আধিকারিক সেটি প্রদত্ত ছক অনুযায়ী চার ভাগে (তপশিলি জাতি, তপশিলি উপজাতি, সংখ্যালঘু এবং সাধারণ) মোট পাওয়া নম্বরের ঊর্ধক্রমে প্রকাশ করবেন।

তালিকা প্রাপ্তির পরে ব্লক উন্নয়ন আধিকারিক উপলব্ধ তথ্যের সাথে মিলিয়ে গ্রাম সংসদ অনুযায়ী **ইন্দিরা আবাস যোজনার স্থায়ী অপেক্ষমান তালিকা** প্রকাশ করবেন।

**ইন্দিরা আবাস যোজনার স্থায়ী অপেক্ষমান তালিকা প্রস্তুতির জন্য তথ্য আহরণের নিদর্শ**

**ছক – গ**

| ক্রমাঙ্ক | পরিবারের কর্তার নাম | RHS-ক্রমাঙ্ক | মানের ঊর্ধক্রমে মোট প্রাপ্ত নম্বর | পরিবারের যে পূর্ণবয়স্কা সদস্যা উপভোক্তা হবেন তার নাম ও বয়স | পরিবারের প্রধানের সাথে ওই মহিলার সম্পর্ক | ওই মহিলার বয়স | সামাজিক অবস্থান (তপশিলি জাতি/উপজাতি) | সংখ্যালঘু | সাধারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | | ছ | জ | ঝ |
| | | | | | | | | | |

*এই তথ্যগুলি সমীক্ষার প্রথম নিদর্শটিতে পাওয়া যাবে। সেখান থেকে এগুলি সংগ্রহ করা যেতে পারে। যদি তা পাওয়া না যায়, তাহলে সমীক্ষা করে তথ্যগুলি সংগ্রহ করতে হবে।*

**৫) জাতীয় বার্ধক্যজনিত অবসরভাতা প্রকল্প (NOAPS) অথবা অবসরভাতা প্রকল্পের সহায়তা পাবার জন্য উপযুক্ত ব্যক্তিদের চিহ্নিতকরণের জন্য গ্রহণীয় পদক্ষেপ ঃ**

গ্রাম সংসদগুলি ৬৫ বছরের বেশি বয়স্ক এবং মোট প্রাপ্ত নম্বর ৩৩-এর কম, এমন ব্যক্তিদের চিহ্নিত করবেন। NOAPS, AY, AAY এবং বি পি এল রেশন কার্ডের জন্য তথ্য আহরণের একটি সংকলিত ছক (ছক - ঘ) পরবর্তী পরিচ্ছেদে উল্লেখিত হল। এই তালিকাগুলি যাচাই এবং সংকলনের জন্য ব্লক উন্নয়ন আধিকারিকের কাছে পাঠাতে হবে। তিনি তা জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের কাছে পাঠাবেন যাতে যে সকল যোগ্য ব্যক্তি কোন প্রকল্পের সহায়তা পান নি, তাঁদের নাম উপযুক্ত সামাজিক সহায়তা প্রকল্পের জন্য বিবেচিত হয়।

**৬) বি পি এল এবং অন্ত্যোদয় অন্ন যোজনা রেশন কার্ডের জন্য যোগ্য ব্যক্তিদের চিহ্নিতকরণের জন্য গ্রহণীয় পদক্ষেপ ঃ**

খাদ্য ও সরবরাহ দপ্তরের কর্মচারীবৃন্দ গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে গ্রামীণ পরিবার সমীক্ষার তথ্য পাবার পরে নিম্নলিখিত কাজগুলি করার জন্য ওই দপ্তরের ৮ই মে, ২০০৭ তারিখের 2841(130)-FS/Food/5R-4/07 পত্রাঙ্কে নির্দেশপ্রাপ্ত হয়েছেন ঃ

- যে সকল পরিবারের মোট প্রাপ্ত নম্বর ২৮ থেকে ৩৩-এর মধ্যে (দুটি নম্বর সমেত) বি পি এল কার্ড দেওয়ার জন্য RHS তথ্যভান্ডার থেকে তাঁদের পরিবারভুক্ত সব সদস্যদের তালিকা প্রস্তুত করা।
- যে সকল ব্যক্তির বয়স ৬৫ বছরের বেশি, কিন্তু যারা কোন অবসরভাতা প্রকল্পের সহায়তা পাচ্ছেন না, তাঁদের অন্নপূর্ণা যোজনার রেশন কার্ড দেওয়ার জন্য ছক - ঘ ব্যবহার করতে হবে।
- RHS অনুযায়ী পরিবারের কর্তা বা তাঁর প্রতিনিধি সবকটি রেশন কার্ড এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ভোটের সচিত্র পরিচয়পত্র নিয়ে পরিদর্শকের কাছে উপস্থিত হবেন। যদি পরিবারের একজন মাত্র সদস্যের ভোটের সচিত্র পরিচয়পত্র থাকে, তাহলেও পরিবারের রেশন কার্ডের নবীকরণ করতে হবে এবং ভোটের সচিত্র পরিচয়পত্রের সংখ্যাটি লাল কালি দিয়ে কার্ডে লিখতে হবে।
- যদি কোন কারণে পরিবারের সদস্য সংখ্যা কমে যায়, তাহলে তৎক্ষণাৎ সংশ্লিষ্ট রেশন কার্ডটি বাতিল করতে হবে।
- যদি কোন কারণে পরিবারের সদস্য সংখ্যা বেড়ে যায়, তাহলে তা নথিভুক্ত করতে হবে কিন্তু সংশ্লিষ্ট ব্যক্তিগত রেশন কার্ডটি পরবর্তীকালে দেওয়া হবে। প্রথম পর্বে শুধুমাত্র চালু রেশন কার্ডের কাজ করা হবে।
- যে সকল পরিবারের অবস্থান সাধারণ থেকে বি পি এল বা বি পি এল থেকে AAY কার্ডে বা বিপরীত দিকে পরিবর্তিত হয়েছে, তাঁদের পরিবর্তিত রেশন কার্ড বন্টন দ্বিতীয় পর্বে বিবেচনা করা হবে।

**ছক - ঘ**

**NOAPS, AY, AAY এবং বি পি এল রেশন কার্ডের জন্য তথ্য আহরণের সংকলিত নিদর্শ**

| ক্রমাঙ্ক | RHS-ক্রমাঙ্ক | পরিবারের কর্তার নাম | *মোট প্রাপ্ত নম্বর | সদস্যের নাম | রেশন কার্ডের পুরাতন অবস্থা | | পরিবারের কর্তার সাথে সম্পর্ক | বয়স | কোন দারিদ্র দূরীকরণ প্রকল্পের পুরাতন উপভোক্তা হয়ে থাকলে প্রকল্পের নাম | ভোটারের সচিত্র পরিচয়পত্রের ক্রমাঙ্ক | রেশন কার্ডের ক্রমাঙ্ক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বি পি এল | AAY | | | | | |
| ## | | | | | | | | | | | |

##পরিবারের প্রতি সদস্যের জন্য পৃথক সারি রাখতে হবে। প্রতি পরিবারের আলাদা -RHS-ক্রমাঙ্ক থাকবে

*যদি মোট প্রাপ্ত নম্বর ২৭-এর কম হয়, তাহলে পরিবারটি AAY কার্ডের জন্য উপযুক্ত হবেন; আবার যদি মোট প্রাপ্ত নম্বর ২৭-এর বেশি কিন্তু ৩৩-এর কম হয়, তাহলে পরিবারটি বি পি এল কার্ডের জন্য উপযুক্ত হবেন।

উপরোক্ত কাজগুলি তালিকা প্রকাশের এক মাসের মধ্যে গ্রাম পঞ্চায়েত স্তরে সম্পূর্ণ করতে হবে। তালিকাটিতে গ্রাম পঞ্চায়েতের প্রধান এবং খাদ্য ও সরবরাহ দপ্তরের কর্মকর্তা যুগ্মভাবে স্বাক্ষর করবেন। সেটিকে খাদ্য ও সরবরাহের মহকুমা নিয়ামকের কাছে পাঠাতে হবে; তিনি সেটিকে জেলা নিয়ামকের কাছে পাঠাবেন।

**৭) উপরের বর্ণনা অনুযায়ী সংগৃহীত তথ্য নথিভুক্ত এবং পদ্ধতিগুলি অবলম্বন করার জন্য RHS 2.0.0 সফ্‌ট্‌ওয়্যারের একটি ব্যবহারকারীর হাতবই এই পত্রের সাথে সংযুক্ত করা হল।**

৮) এখন, যে সব কাজগুলির কথা বলা হল সেই সব কাজের ব্যাপ্তি এবং সমস্যার কথা বিবেচনা করে সরকার এই মত পোষণ করছেন যে, পূর্বে নির্ধারিত সময়সীমার কিছু সম্প্রসারণ দরকার। সমস্ত দিক বিবেচনার পরে দাবি ও আপত্তি গ্রহণ সহ সম্পূর্ণ কাজ শেষ করার তারিখ **১৫ই আগষ্ট, ২০০৭ পর্যন্ত** বাড়ানো হল। আরও জানানো হচ্ছে যে, দাবি ও আপত্তির নিষ্পত্তির ব্যবস্থা চালু রাখার সঙ্গে সঙ্গে বিভিন্ন দারিদ্র দূরীকরণ কর্মসূচীর উপভোক্তা নির্বাচনের কাজ যাতে আটকে না থাকে তার জন্য গ্রামীণ পারিবারিক সমীক্ষা, ২০০৫ -এর ভিত্তিতে ইতিমধ্যে প্রকাশিত চূড়ান্ত বি পি এল তালিকাটি ব্যবহার করতে হবে। দাবী ও আপত্তিগুলি নিষ্পত্তি হওয়ার পর যারা যখন বিপিএল হিসাবে চিহ্নিত হবেন তাঁরা সেই সময় থেকে বিপিএল পরিবারদের জন্য নির্দিষ্ট সুযোগ-সুবিধা পাবেন। দাবী ও আপত্তি নিষ্পত্তির পদ্ধতি পরবর্তীকালে জানানো হবে।

ভবদীয়

**(মানবেন্দ্র নাথ রায়)**

**পত্রাঙ্ক: ৫২৭৮(১৮)/১(১৮)/RD (SGSY)/20M-6/05 – Pt-I দিনাঙ্ক:১৭/০৭/২০০৭**

এই পত্রের কপি মাননীয়/ মাননীয়া সভাধিপতিদের অবগতির জন্য পাঠানো হল।

...........................................................................................................................

সভাধিপতি, .............................................................................................................

**(মানবেন্দ্র নাথ রায়)**